

বিদেশি শিক্ষার্থীদের ফি বাড়ালো অস্ট্রেলিয়া

- A Monitor Desk Report

Date: 03 July, 2024



ক্যানবেরা: আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য ফি বাড়ালো অস্ট্রেলিয়া। অভিবাসন ঢল ধীর করতে তারা এই পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছে দেশটির সরকার। অস্ট্রেলীয় সংবাদমাধ্যমের এক প্রতিবেদন থেকে এই তথ্য জানা যায়।

করোনাভাইরাসের বিধিনিষেধ প্রত্যাহারের পর ২০২২ সাল থেকে অস্ট্রেলিয়ায় অভিবাসীর সংখ্যা অনেক বেড়েছে। এ বিষয়টির ওপর নিয়ন্ত্রণ বসাতে ধারাবাহিকভাবে বেশ কয়েকটি উদ্যোগ নেয় সরকার। নতুন করে আন্তর্জাতিক শিক্ষার্থীদের ওপর এই ফি বাড়ানো হল।

১ জুলাই সোমবার থেকে নতুন এই ফি কার্যকর হয়েছে। আন্তর্জাতিক স্টুডেন্ট ভিসার ফি ৭১০ অস্ট্রেলিয়ান ডলার থেকে বাড়িয়ে এক হাজার ৬০০ অস্ট্রেলিয়ান ডলার করা হয়েছে, বাংলাদেশি মুদ্রায় যা ১ লাখ ২৫ হাজার টাকারও বেশি।

দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী ক্লেয়ার ও'নিল এক বিবৃতিতে বলেন, 'আজ থেকে যেসব নতুন নিয়ম চালু হচ্ছে, তা আমাদের আন্তর্জাতিক শিক্ষা ব্যবস্থায় সমন্বয় ফিরিয়ে আনতে সহায়তা করবে এবং এমন একটি অভিবাসন প্রক্রিয়া তৈরি করবে, যা আরও ন্যায্য, আকারে ছোট ও অস্ট্রেলিয়ার চাহিদা পূরণের উপযোগী।'

-B